# পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

কর্মী ব্যবস্থাপনা, শৃঙ্খলা ও আপিল বিভাগ

স্মারক নং- পসব্য/প্রকা/প্রশা-২২(১)/২০১৮-২০১৯/ ৫৪৬৫

তারিখঃ ২৯/০৫/ ২০১৯খ্রিঃ

পল্লী সঞ্চয় ব্যাংক (কর্মকর্তা-কর্মচারী) চাকুরী প্রবিধিমালা, ২০১৬ মোতাবেক জনাব রেজাউল হাসান, মাঠ সহকারী, পল্লী সঞ্চয় ব্যাংক, শিবগঞ্জ শাখা, বগুড়া (সাময়িকভাবে বরখাস্ত, বর্তমানে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে সংযুক্ত) এর বিরুদ্ধে রুজুকৃত শৃংখলাজনিত বিভাগীয় মোকাদ্দমা নং- ---------------০১----/২০১৮-২০১৯

## অভিযোগনামা

০১। যেহেতু আপনি জনাব রেজাউল হাসান, মাঠ সহকারী, পল্লী সঞ্চয় ব্যাংক, শিবগঞ্জ শাখা, বগুড়ার বিহার ইউনিয়নের দায়িত্ব পালনকালে ব্যাংক ও প্রকল্পের কাজে নিম্নবর্ণিত গুরুতর অনিয়মগুলো সংঘটিত করেছেন ঃ

(ক) প্রকল্প ও ব্যাংকের মোট ১৪,২১,২১৭/- ( চৌদ্দ লক্ষ একুশ হাজার দুইশত সতের ) টাকা সমিতির সদস্যদের নিকট হতে গ্রহন করে ব্যাংক শাখায় জমা না দিয়ে আত্মসাৎ করেছেন ।

(খ) বিহার ইউনিয়নের ১৮টি সমিতির ৬০ জন করে সর্বমোট ১০৮০ জন সদস্য থাকার কথা থাকলেও আপনার দায়িত্ব পালনে অবহেলা ও গাফিলতির কারণে ২১ জন সদস্য অন্তর্ভূক্ত হয়নি।

(গ) উক্ত ইউনিয়নের সদস্যদের ১০৪টি পাস বই পরীক্ষা নিরীক্ষা করার জন্য জমা দেননি।

(ঘ) আপনি নির্ধারিত দিন ও সময়ে উঠান বৈঠকে উপস্থিত থাকেননি যার কারণে ব্যাংকের মেয়াদউর্ত্তীন ঋণ বৃদ্ধি পেয়েছে।

(ঙ) টাকা আত্মসাতের কথা গোপন রেখে প্রকল্প থেকে ব্যাংকে স্থানান্তরিত হয়েছেন।

০২। যেহেতু আপনি জনাব রেজাউল হাসান আপনার উল্লেখিত কার্যকলাপে ইহা সুস্পষ্ট যে, আপনি পল্লী সঞ্চয় ব্যাংক (কর্মকর্তা-কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১৬ মোতাবেক স্বয়ী দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা, দূর্নীতি মূলক অপরাধ, চুরি, আত্মসাৎ ও তহবিল তসরূপ এর অনিয়ম সংগঠিত করেছেন।

০৩। এক্ষণে, সেহেতু আপনি জনাব রেজাউল হাসান পল্লী সঞ্চয় ব্যাংক (কর্মকর্তা-কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৬ এর ৩৮(ক), (খ), (ঘ), (ঙ) ও (চ) প্রবিধি মোতাবেক আপনাকে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা, দূর্ণীতিমূলক অপরাধ ও চুরি, আত্মসাৎ, তহবিল তসরূপ এর দায়ে অভিযুক্ত করা হল এবং এতদ্বারা নির্দেশ দেয়া হল যে, আপনাকে কেন উল্লেখিত প্রবিধানমালার বিধান মোতাবেক চাকুরী হতে বরখাস্ত অথবা অন্য কোন উপযুক্ত শাস্তি প্রদান করা যাবে না তার জবাব এ অভিযোগনামা প্রাপ্তির তারিখ হতে ১০ (দশ)টি কার্যদিবসের মধ্যে সরাসরি ব্যবস্থাপনা পরিচালকের নিকট ৩(তিন) প্রস্থে দাখিল করবেন এবং ইহাও নির্দেশ দেয়া হল যে, আত্মপক্ষ সমর্থনের জন্য আপনি ব্যক্তিগত শুনানী প্রদান করতে ইচ্ছুক কি-না তাও আপনার জবাবে উল্লেখ করবেন। যদি আপনি নির্ধারিত সময়ের মধ্যে জবাব দানে ব্যর্থ হন তা হলে সেক্ষেত্রে পল্লী সঞ্চয় ব্যাংক (কর্মকর্তা-কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১৬ এর ৪২ প্রবিধি মোতাবেক আপনার বিরুদ্ধে আনীত বিভাগীয় মোকাদ্দমাটি একতরফাভাবে নিস্পত্তি করা হবে।

০৪। যে অভিযোগের উপর ভিত্তি করে অত্র অভিযোগনামা প্রণয়ন করা হয়েছে তার একটি বিবরণী আপনার জবাব তৈরীর সুবিধার জন্য এতদসংগে সংযুক্ত করা হল।

আদেশক্রমে,

২৯/৫/১৯

(মোঃ ইসমাইল মিয়া)
সহকারী মহাব্যবস্থাপক

স্মারক নং- পসব্য/প্রকা/প্রশা-২২(১)/২০১৮-২০১৯/ ৫৪৬৫ (৭)

তারিখঃ ২৯/০৫/ ২০১৯খ্রিঃ

জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চেয়ারম্যান মহোদয়, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। উপজেলা নির্বাহী অফিসার, শিবগঞ্জ উপজেলা, জেলাঃ বগুড়া।
০৪। উপজেলা হিসাবরক্ষণ অফিসার, শিবগঞ্জ উপজেলা, জেলাঃ বগুড়া।
০৫। উপ-আঞ্চলিক কর্মকর্তা, পল্লী সঞ্চয় ব্যাংক, বগুড়া জেলা/জেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, বগুড়া জেলা ।
০৬।ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, শিবগঞ্জ শাখা, বগুড়া, । এতদসংগে প্রেরিত মূল ঘোষণাটি জনাব রেজাউল হাসান নিকট প্রাপ্তি স্বীকার রশিদ মারফত হস্তান্তর করতঃ রশিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
০৭। জনাব রেজাউল হাসান, মাঠ সহকারী, পল্লী সঞ্চয় ব্যাংক, শিবগঞ্জ শাখা, বগুড়া।
০৮। নথি।

২৯/৫/১৯

(মোঃ ইসমাইল মিয়া)

# অভিযোগ বিবরণী

যে সকল অভিযোগের উপর ভিত্তি করে জনাব রেজাউল হাসান, মাঠ সহকারী, পল্লী সঞ্চয় ব্যাংক, শিবগঞ্জ শাখা, বগুড়া এর বিরুদ্ধে শৃংখলাজনিত বিভাগীয় মোকদ্দমা নং -----০১-----/১৮-১৯ রুজু করা হয়েছে তার বিবরণ ঃ

জনাব রেজাউল হাসান, মাঠ সহকারী, পল্লী সঞ্চয় ব্যাংক, শিবগঞ্জ শাখা, বগুড়ার বিহার ইউনিয়নের দায়িত্ব পালনকালে ব্যাংক ও প্রকল্পের কাজে নিম্নবর্ণিত অনিয়মগুলো সংঘটিত করেছেন ঃ

(ক) প্রকল্প ও ব্যাংকের মোট ১৪,২১,২১৭/- ( চৌদ্দ লক্ষ একুশ হাজার দুইশত সতের ) টাকা সমিতির সদস্যদের নিকট হতে গ্রহন করে ব্যাংক শাখায় জমা না দিয়ে আত্মসাৎ করেছেন ।

(খ) বিহার ইউনিয়নের ১৮টি সমিতির ৬০ জন করে সর্বমোট ১০৮০ জন সদস্য থাকার কথা থাকলেও আপনার দায়িত্ব পালনে অবহেলা ও গাফিলতির কারণে ২১ জন সদস্য অন্তর্ভূক্ত হয়নি।

(গ) উক্ত ইউনিয়নের সদস্যদের ১০৪টি পাস বই পরীক্ষা নিরীক্ষা করার জন্য জমা দেননি।

(ঘ) আপনি নির্ধারিত দিন ও সময়ে উঠান বৈঠকে উপস্থিত থাকেননি যার কারণে ব্যাংকের মেয়াদউত্তীন ঋণ বৃদ্ধি পেয়েছে।

(ঙ) টাকা আত্মসাতের কথা গোপন রেখে প্রকল্প থেকে ব্যাংকে স্থানান্তরিত হয়েছেন।

(মোঃ ইসমাইল মিয়া)
সহকারী মহাব্যবস্থাপক